গাংনীতে পুলিশ সদস্যদের ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত

শারদীয় দূর্গোৎসব উপলক্ষে পুজার ডিউটিতে নিয়োজিত পুলিশ সদস্যদের ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১ অক্টোবর) সকাল ১০ টার সময় গাংনী থানা কম্পাউন্ডে এই প্যারেড ব্রিফিং অনুষ্ঠিত হয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুর রাজ্জাক পুলিশ সদস্যদের এই ব্রিফ করেন।

এসময় গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, সেকেন্ড অফিসার আব্দুর রাজ্জাকসহ অন্যান্য পুলিশ অফিসার ও ডিউটিতে নিয়োজিত পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গাংনী উপজেলার বিভিন্ন এলাকার ১৮ টি পুজা মন্ডপের সার্বিক নিরাপত্তা দিতে গাংনী থানার এসব পুলিশ সদস্যরা নিরলসভাবে দায়ীত্ব পালন করবে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, গাংনী উপজেলার ১৮ টি পুজামন্ডপ রয়েছে। এসব পুজা মন্ডপগুলোর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ বিভাগের পক্ষ থেকে সব ধরণের পদক্ষেপ নেয়া হয়েছে। প্রতিটি পুজা মন্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের পাশাপাশি আনসার সদস্যরাও দায়ীত্ব পালন করবে।

মেহেরপুরে উদ্ধারকৃত অর্ধগলিত লাশের পরিচয় মিলেছে

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর-রঘুনাথপুর মাঠ থেকে উদ্ধারকৃত নারীর নাম মালেকা বেগম (৫৫) বলে প্রাথমিকভাবে নিশ্চিত করেছে

পুলিশ।

সে কুষ্টিয়ার মিরপুর উপজেলার নওদা আজমপুর গ্রামের মৃত নুরুল ইসলামের স্ত্রী।

লাশের পাশে থাকা ব্যাগে থেকে উদ্ধারকৃত মোবাইল নং ধরে কল করে তার পরিচয় উদ্ধার করেন সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম।

ওসি রফিকুল ইসলাম বলেন, মোবাইল ফোনে তার পারিবারের লোকজন জানিয়েছেন, কয়েকদিন আগে পারিবারিক কলহের জের ধরে মালেকা বেগম চলে এসেছে।তারপরেও পরিবারের লোকজন এসে সনাক্ত না করা পর্যন্ত বিষয়টি পরিস্কার করা যাবেনা।

মেহেরপুরে পুলিশের অভিযানে ২ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ আসামি গ্রেফতার হয়েছে।
গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলার ১ ও সদর থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ১ আসামি গ্রেফতার হয়েছে।
বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (৩০ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত পৃথক দুটি অভিযানে এই দুইজন আসামি গ্রেফতার করে পুলিশ। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।
গ্রেফতারকৃতদের আজ শুক্রবার বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১০ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলায় ১০ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ জন, গাংনী থানা পুলিশের অভিযানে ৬ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এসব গ্রেফতার অভিযানে অংশ নেন।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ভারতীয় গরুসহ আটক ১

মেহেরপুরে ভারত থেকে চোরাইপথে আনা দুই টি গরুসহ নাহিদ হুসাইন
(৩৩) নামের একজনকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে সদর উপজেলার

সীমান্তবর্তি বাড়িবাঁকা গ্রামের দাশপাড়া এলাকা থেকে চোরাইপথে আনা ২ টি গরুসহ নাহিদ হুসাইনকে আটক করা হয়।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দীন আহম্মেদের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) হাবিবুর রহমান,

এএসআই শাকিল খানসহ সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দুটি গরু সহ তাকে আটক করেন। গরু দুইটির আনুমানিক মূল্য দেড় লাখ টাকা বলে জানা গেছে।

এঘটনায় সদর থানা পুলিশ বাদী হয়ে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৪-বি/২৫ ডি ধারায় নাহিদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছেন। মামলা নং ৪৫, তারিখ ২৬/০৯/২০২২ ইং।

মামলার আসামি নাহিদ হুসাইনকে মঙ্গলবার বিকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে পুলিশের অভিযানে ডাকাতি ও চুরি মামলার ২ আসামি গ্রেফতার

গাংনী পুলিশের পৃথক অভিযানে ডাকাতি ও চুরির মামলার দুই আসামি গ্রেফতার হয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আনারুল ইসলামের ছেলে রনি আহম্দে ও একই উপজেলার ব্রজপুর গ্রামের ছুরমান আলীর ছেলে নুরুল ইসলাম।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম গতকাল রবিবার (২৫ সেপ্টেম্বর) দিবাগত রাতে অভিযান চালিয়ে এই দুই আসামি গ্রেফতার করেন।

এদের মধ্যে নুরুল ইসলাম বামন্দী-দেবিপুর সড়কের রাস্তায় গাছ ফেলে

গণডাকাতির মামলার সন্দেহভাজন আসামি ও রনি আহমেদ কাজিপুর এলাকার একটি চুরির মামলার আসামি।

গত ২৪ সেপ্টেম্বর দিবাগত রাতে বামন্দী-দেবিপুর সড়কে এই ডাকাতির ঘটনা ঘটে। এঘটনায় বামন্দী পশ্চিমপাড়া এলাকার ফজলুর রহমানের ছেলে রনি বাদী হয়ে ১০/১২ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। গাংনী থানার মামলা নং ৩৬. তারিখ ২৫/০৯/২০২২ ইং। এমামলায় পুলিশ অভিযান চালিয়ে নুরুল ইসলামকে সন্দেহভাজন হিসেবে আটক করেন।
এছাড়া রনি আহমেদ গাংনী থানার মামলা নং ২৫, তারিখ ২৫/০৯/২০২২ মামলায় গ্রেফতার করা হয়েছে।

আজ সোমবার (২৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ১ আসামি রয়েছে।

বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (২৩ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় ৪ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৪ আসামি রয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৪ জন ও নিয়মিত মামলায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৩ জন আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার (২১ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন গ্রামের অভিযান চালিয়ে নিয়মিত মামলার ৩ আসামি গ্রেফতার করে পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

এসময় মাদক উদ্ধার ও মারামারির ঘটনায় ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গ্রেফতারকৃতদের আজ বুধবার (২১ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে সাজাপ্রাপ্তসহ ১০ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ নিয়মিত মামলার ১০ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ ও পুরানো মামলার ২ আসামিসহ ৫ জন, সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ৩ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে পরোয়ানাভূক্ত জিআর মামলায় সাজাপ্রাপ্ত ১ আসামিসহ ২ জনকে গ্রেফতার করে।

সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (২০ সেপ্টেম্বর) পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)

মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

এদিকে গত ২৪ ঘন্টায় তিনটি থানায় দুটি চুরির, একটি ধর্ষণ চেষ্টাসহ ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

আজ মঙ্গলবার (২০ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দকরা হয়েছে।